

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল-এর সভা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য-এর কার্যালয়ে গত ৮ জানুয়ারি ২০১৭ইং তারিখ, রবিবার, সকাল ১০টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এসময় উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম, পরিচালক (অর্থ ও হিসাব) জনাব ছিদ্দিকুর রহমান, আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক ডা. হরষিত কুমার পাল প্রমুখ উপস্থিত ছিলেন।

হসপিটাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম-এর ডেমো প্রদর্শন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য-এর কার্যালয়ে গত ৮ জানুয়ারি ২০১৭ইং তারিখ, রবিবার, সকাল ৮টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের অধীন ইনট্রিডিউসিং এ নিউ কম্পিউটার বেইসড অটোমোশন-এর আওতায় অত্র বিশ্ববিদ্যালয়ের 'হসপিটাল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম'-এর সফটওয়্যার ডেমো প্রদর্শন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। আরো উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) বিথ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেক, পরিচালক (মানবসম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, প্রধান প্রকৌশলী জনাব মোঃ শাহজাহান খান, আইটি সেলের ডিরেক্টর এ আর আজিমুল হক, অতিরিক্ত রেজিস্ট্রার ১ ডা. স্বপন কুমার তপাদার, উপ-রেজিস্ট্রার-১ ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।